অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/17/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচির অংশ হিসেবে সাউদার্ন টিয়ারের সম্প্রদায়ে 30টি রূপান্তরমূলক প্রকল্পের ঘোষণা করলেন

জনসন সিটি, মনট্যুর ফলস এবং ওয়েভার্লিতে প্রকল্পগুলোয় অর্থায়ন করার জন্য 19 মিলিয়ন মার্কিন ডলার

প্রকল্পের রেন্ডারিং পাওয়া যাবে এখানে

গভর্নর ক্যাথি হোকল আজ মোট দুটি অর্থনৈতিক বিকাশ কর্মসূচির অংশ হিসাবে সাউদার্ন টিয়ার অঞ্চলে 30টি রূপান্তরমূলক প্রকল্পের ঘোষণা করেছেন: ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ (DRI) এবং NY ফরওয়ার্ড। DRI এর 10 মিলিয়ন মার্কিন ডলার অনুদানের 6ষ্ঠ রাউন্ডের বিজয়ী, ভিলেজ অফ জনসন সিটির জন্য পনেরোটি প্রকল্পের ঘোষণা করা হয়; NY ফরোয়ার্ডের 4.5 মিলিয়ন মার্কিন ডলারের 1ম রাউন্ডের বিজয়ী ভিলেজ মনট্যুর ফলসের জন্য ছয়টি প্রকল্পের ঘোষণা করা হয়; NY ফরোয়ার্ডের 4.5 মিলিয়ন মার্কিন ডলারের 1ম রাউন্ডের আরেক বিজয়ী ভিলেজ অফ ওয়েভারলির জন্য নয়টি প্রকল্পের ঘোষণা করা হয়।

"ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচি নিউ ইয়র্কের ডাউনটাউনের জন্য অত্যাবশ্যকীয় সমর্থন প্রদান করে," **গভর্নর হোকল বলেন।** "সাউদার্ন টিয়ারের জন্য এই তহবিলটি নিউ ইয়র্কবাসীর জীবনযাত্রার মান উন্নত করতে, পর্যটক আকৃষ্ট করতে, এবং আগামী প্রজন্মের উন্নতির জন্য অর্থনৈতিক সুযোগের গতি বাড়ানোর ক্ষেত্রে সম্প্রদায়গুলোর পরিকল্পনা বাস্তব করতে তাদেরকে সাহায্য করবে।"

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ (DRI)

2023 সালে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের ষষ্ঠ রাউন্ডের সাউদার্ন টিয়ারের বিজয়ী হিসেবে জনসন সিটির নাম ঘোষণা করা হয়। ঐতিহাসিক সম্পদ সংরক্ষণ এবং পুনরুদ্ধার করতে, বাসিন্দাদের জন্য নতুন আবাসনের সুযোগ তৈরি করতে, এবং ডাউনটাউনের জনসন সিটি স্থানটির অনন্য অনুভূতি গড়ে তোলার চেষ্টায় 15টি প্রকল্প নির্বাচন করা হয়েছিল।

অতীতের বিনিয়োগের সাথে মিলিত হয়ে নতুন বিনিয়োগটি ঐতিহাসিক ডাউনটাউন ভবনের পুনর্বাসন এবং অভিযোজিত পুনর্ব্যবহার এবং মিশ্র আয়ের আবাসিক সুযোগকে অন্তর্ভুক্ত করে এমন ইনফিল ডেভেলপমেন্টের জন্য একটি বলীয়ান পরিবেশ তৈরি করবে।

DRI বিনিয়োগগুলো হল সাউদার্ন টিয়ারে অর্থনীতিকে পুনর্জীবিত করা এবং এখানে আরো সুযোগ সৃষ্টির জন্য গভর্নরের চলমান প্রয়াসের অংশ। DRI এর নেতৃত্ব দেয় ডিপার্টমেন্ট অফ স্টেট (Department of State, DOS), তারা প্রত্যেক অংশগ্রহণকারী সম্প্রদায়কে ডাউনটাউন এলাকার পুনরুজ্জীবনের জন্য একটি অনন্য ভিশন সম্পন্ন বিশেষ প্রকল্পসমূহকে সনাক্ত করার জন্য একটি কৌশলী বিনিয়োগ পরিকল্পনা (Strategic Investment Plan) গঠনের সময় কারিগরি সহায়তা প্রদান করে।

DRI এর মাধ্যমে অর্থায়িত হওয়ার জন্য বিশেষ প্রকল্পসমূহ কৌশলী বিনিয়োগ পরিকল্পনার অন্তর্গত একাধিক লক্ষ্য ও কৌশলকে সমর্থন করবে, যেমন শহরের স্থানের অনন্য চেতনাকে একটি আন্তরিক ও খাঁটি অভিজ্ঞতার মাধ্যমে বহুগুণ বৃদ্ধি করা যা ভবিষ্যতের গঠনমূলক বিকাশের জন্য অনুঘটক হিসেবে কাজ করবে এবং এমন বিকাশ সম্ভব করবে যা অন্তর্ভুক্তিকর হবে এবং একই সাথে এর বলীয়ান ঐতিহ্য ও জাতিগত বৈচিত্র্যকে বরণ করে নিবে।

জনসন সিটি এখন এলমিরা, ওয়াটকিন্স গ্লেন, ওয়েগো, হর্নেল, এন্ডিকট এবং নরউইচ সম্প্রদায়ের সাথে যোগ দিলো, যারা DRI এর সাউদার্ন টিয়ারের আগের বিজয়ী।

পুনরুজ্জীবন প্রক্রিয়া অগ্রসর হওয়া এবং গতিবেগ বৃদ্ধির সাথে সাথে, DRI এর মাধ্যমে এইসব প্রকল্পে 9.7 মিলিয়ন মার্কিন ডলার স্টেট বিনিয়োগ অন্যান্য আরো সরকারি ও বেসরকারি বিনিয়োগকে কাজে লাগবে।

মোট 9.7 মিলিয়ন মার্কিন ডলার সম্বলিত, 15টি DRI প্রকল্পের মধ্যে রয়েছে:

- **333, গ্র্যান্ড অ্যাভিনিউতে একটি নতুন মিশ্র-আয়ের অ্যাপার্টমেন্ট ভবনের নির্মাণ (1,000,000 মার্কিন ডলার)**
- শিশুদের জন্য একটি ডেকেয়ার সেন্টারের পাশাপাশি 72টি সাশ্রয়ী মূল্যের অ্যাপার্টমেন্ট নিয়ে একটি নতুন ভবনের নির্মাণ হবে।
- **স্বল্প তহবিলের প্রকল্প (500,000 মার্কিন ডলার)**
- মানানসই অনুদান দেওয়ার লক্ষ্যে প্রত্যেক ডাউনটাউন ভবনের সম্মুখভাগ আপগ্রেড করতে, নতুন সিগনেজ ইনস্টল করতে এবং অভ্যন্তরীন সংস্কারের দায়িত্ব নিতে গ্রামটিতে একটি ভবন সংস্কার কর্মসূচি স্থাপন করা হবে।
- **পার্ক ও প্রকাশ্য স্থানের উন্নয়ন (1,215,000 মার্কিন ডলার)**
- জেনিসন পার্টে আর্ট ইনস্টলেশন, রাস্তার আর্ট, ওয়েফাইন্ডিং এবং EJ থিম পার্কের কাজ শেষ করা সহ সার্বজনীন পার্ক এবং প্রকাশ্য স্থানের উন্নয়ন হবে।
- **ডাউনটাউনের রাস্তাঘাট এবং প্রবেশদ্বারগুলোর উন্নয়ন (2,561,000 মার্কিন ডলার)**
- উন্নত স্ট্রিটস্কেপ এবং পথচারীদের অনুকূল মেইন স্ট্রিট, আর্ক স্ট্রিট, ব্রড স্ট্রিট, কর্লিস অ্যাভিনিউ, অ্যাভিনিউ বি এবং সি আর উইলো স্ট্রিট।
- **মেইন স্ট্রিটের সাবেক হাই স্কুলকে মিশ্র-ব্যবহারের কেন্দ্রে রূপান্তর (1,150,000 মার্কিন ডলার)**

- একটি 70,000 বর্গফুটের বিদ্যমান পুরনো হাই স্কুলকে ভবিষ্যতের বাণিজ্যিক ব্যবহারের সুযোগ সহ 62টি অ্যাপার্টমেন্টে রূপান্তর।
- **214 মেইন স্ট্রিটে মিশ্র-ব্যবহারের ভবন পুনর্বাসন (450,000 মার্কিন ডলার)**
- একটি 7,200 বর্গফুটের, দু'তলার মিশ্র-ব্যবহারের ভবনের সংস্কার।
- **উইলব্রো অ্যালিকে পথচারীদের জন্য একটি প্রকাশ্য স্থানে রূপান্তর (652,000 মার্কিন ডলার)**
- নতুন আলোকসজ্জা, শান বাঁধানো পথ, সৌন্দর্যবর্ধন এবং গণ শিল্প দিয়ে ডাউনটাউনের একটি প্রাণবন্ত প্রকাশ্য স্থান করে তোলার জন্য উইলব্রো অ্যালির পুনঃপরিকল্পনা।
- **346 গ্র্যান্ড অ্যাভিনিউতে সাউথ সেন্ট্রাল নিউ ইয়র্কের মা ও সন্তানদের প্রসব পরবর্তী নেটওয়ার্ক, ইঙ্ক. এর আপডেট (142,000 মার্কিন ডলার)**
- বিদ্যমান কেন্দ্রের সংস্কার সম্পূর্ণ করতে বর্তমানে 346 গ্র্যান্ড অ্যাভিনিউতে বিদ্যমান HVAC সিস্টেমের প্রতিস্থাপন।
- **15 অ্যাভিনিউ বি-তে মিশ্র-ব্যবহারের ভবনটির পুনরুন্নয়ন (250,000 মার্কিন ডলার)**
- ছয়টি অ্যাপার্টমেন্টের পাশাপাশি বাণিজ্যিক উপকরণ অন্তর্ভুক্ত করতে একটি বর্তমানে পুরনো নির্ণানের সংস্কার।
- **অলাভজনক কেন্দ্র হেল্পিং সেলিব্রেট এবিলিটিজ (HCA) এর পুনরুজ্জীবন (750,000 মার্কিন ডলার)**
- একটি নতুন ছাদ, একটি নতুন খেলার মাঠের ক্ষেত্র, একটি নতুন পার্কিংয়ের ক্ষেত্র, প্লাম্বিংয়ের পুনর্গঠন, ঝড়ের জল নির্গমনের সংস্কারের পাশাপাশি ভবনটির চেহারা উন্নত করে হেল্পিং সেলিব্রেট এবিলিটিজ ভবনটির পুনরুজ্জীবন।
- **240 মেইন স্ট্রিটে ব্যবসায়িক কেন্দ্র পুনরুৎজ্জীবিত করা (150,000 মার্কিন ডলার)**
- ক্রিয়াকলাপ এবং গ্রাহকদের অভিজ্ঞতা উন্নত করতে দোকানের সম্মুখভাগ, সিগনেজ, ছাদ ও নিকাশী, সিঁড়ি এবং অন্যান্য অভ্যন্তরীণ আপগ্রেড করার মাধ্যমে 13,000 বর্গফুটের বেশি জায়গা সংস্কার।
- **135 বাল্ডউইনে বিদ্যমান ভাটিখানাগুলো বাড়ানো (300,000 মার্কিন ডলার)**
- ক্রমবর্ধনশীল উৎপাদন, কমিউনিটির সমাবেশ, এবং পারফরম্যান্সের জায়গা দিতে ভাটিখানাগুলো সম্প্রসারণ।
- **254 মেইন স্ট্রিটে মিশ্র-ব্যবহারের ভবন পুনরুৎজ্জীবিত করা (100,000 মার্কিন ডলার)**
- মেইন স্ট্রিটে একটি বিদ্যমান মিশ্র-ব্যবহারের বিল্ডিংয়ের বাহ্যিক এবং অভ্যন্তরীন সংস্কার।
- **271 মেইন স্ট্রিটে IBEW অলাভজনক কার্যালয়গুলো পুনরুৎজ্জীবিত করা (105,000 মার্কিন ডলার)**
- একটি নতুন দোকানের সম্মুখভাগ, সিগনেজ, আলোকসজ্জা, জানলা, দরজা এবং বাহ্যিক সাইডিং অন্তর্ভুক্ত করচে IBEW Local 10 দ্বারা ব্যবহৃত বিদ্যমান নির্মাণের সংস্কার।
- **20 উইলো স্ট্রিটে মিশ্র-ব্যবহারের পুনর্বিকাশ (375,000 মার্কিন ডলার)**
- স্থানীয় ব্যবসাগুলোর জন্য বিভিন্ন ধরনের অফিসের জায়গা তৈরি করতে বাহ্যিক ও অভ্যন্তরীন সংস্কার এবং উন্নয়ন।

NY ফরোয়ার্ড
স্টেটের সফল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের গতিবেগের উপর ভিত্তি করে গঠিত 100 মিলিয়ন মার্কিন ডলারের NY ফরোয়ার্ড কর্মসূচিটি ক্ষুদ্রতর ও গ্রামীণ সম্প্রদায়সমূহের জন্য আরো সমতার ডাউনটাউন পুনরুদ্ধারের সমর্থন করতে DRI এর মতো একই "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশল গ্রহণ করে। NY ফরোয়ার্ড বিনিয়োগসমূহ হলো সাউদার্ন টিয়ারের অর্থনীতির পুনরুজ্জীবন এবং আরো সুযোগ তৈরির জন্য গভর্নরের চলমান প্রয়াসের একটি অংশ।

মোট 4.5 মিলিয়ন মার্কিন ডলারের 9টি ওয়েভার্লি NY ফরওয়ার্ড প্রকল্পের মধ্যে অন্তর্ভুক্ত আছে:

- **রাস্তার সৌন্দর্যায়ন বাড়িয়ে ব্রড স্ট্রিটে হাঁটার পরিস্থিতি এবং স্বাচ্ছন্দ্য বৃদ্ধি (960,000 মার্কিন ডলার)**
- ব্রড স্ট্রিটে বাস্তবিক সৌন্দর্যায়নের বিকাশ করা, যার মধ্যে সীমিত না হলেও অন্তর্ভুক্ত রয়েছে উন্নত ক্রশওয়ার্ক, নতুন ফুটপাথ, পথচারীদের-মাত্রায় রাস্তার আলো সাথে পতাকা লাগানোর দণ্ড বা প্ল্যান্টার, উঁচু বাঁধানো কিনারা, সিগনেজ, সৌন্দর্যবর্ধন, রাস্তার ধারে গাছ, বেঞ্চ এবং প্রশস্ত পার্কিং ও প্রকাশ্য জায়গা।
- **ইস্ট ওয়েভারলি পার্কের সংস্কার (1,196,000 মার্কিন ডলার)**
- নতুন পিকল বল কোর্ট, একটি স্প্ল্যাশ প্যাড, হাঁটার পথ, ফিশিং হোল, সফ্টবলের মাঠ, বাস্কেটবল কোর্ট, খেলার মাঠ, নতুন পার্কিংয়ের এলাকা এবং বিদ্যমান বাথরুম এবং রান্নাঘরের পুনঃসংস্কার দিয়ে একটি পরিবার এবং তরুণ কেন্দ্রিক বিনোদন কেন্দ্র তৈরি করে।
- **ওয়েভারলি জলাশয়ের অ্যাক্সেস এবং পথ নির্মাণ (795,000 মার্কিন ডলার)**
- চেমুং নদীর দ্বারা প্রশস্ত জমিতে একটি নতুন পার্ক তৈরির ব্যবস্থা যা ভিলেজ অফ ওয়েভারলিতে প্যাডেলিং, বোটিং, ফিশিং, হাইকিং এবং গৌণ বিনোদনের উৎসাহ দেবে।
- **সোপ্রানোর বাজার সংস্কার এবং বাইরে একটি বসার চত্বর নির্মাণ (420,000 মার্কিন ডলার)**
- একটি নতুন আউটডোর প্রাঙ্গন, জায়গার বাড়তি আলোকসজ্জা, নতুন সাইডিং এবং ইনসুলেশন, ছাদের প্রতিস্থাপন এবং পার্কিং লটের পুনর্বাসন দিয়ে সোপ্রানোর প্রতিষ্ঠিত বাজার আপগ্রেড করে।
- **পুরনো ভবনের আপগ্রেড এবং একটি নির্মিত স্পোর্টস বারের ওপর আপার-লেভেল আবাসন তৈরি (156,000 মার্কিন ডলার)**
- ব্রড স্ট্রিটের একটি পুরনো বিল্ডিংয়ের খালি থাকা উপরের তলাগুলোতে নতুন সম্পূর্ণভাবে সাজানো অ্যাপার্টমেন্টগুলো তৈরি করা হবে যার মধ্যে ইতিমধ্যে একটি স্পোর্টস বার আছে এবং বিল্ডিংটির পিছনদিকে আবাসিকদের ব্যবহারের উদ্দেশ্যে একটি আউটডোর ডেক তৈরি করা হবে।
- **একটি ভিক্টোরিয়ান বাড়িকে একটি বহু-ব্যবহারযোগ্য আবাসিক এবং বাণিজ্যিক জায়গায় রূপান্তর (300,000 মার্কিন ডলার)**

- একটি পুরনো ভিক্টোরিয়ান বাড়ি এবং আশেপাশের খালি জায়গা বাণিজ্যিক জায়গা, ওপরের তলার অ্যাপার্টমেন্ট এবং বাইরে সমাবেশের জন্য সবুজ উদ্যান সহ একটি মিশ্র ব্যবহারের বিল্ডিংয়ে রূপান্তরের চূড়ান্ত পর্যায়ে আছে।
- **ডাউনটাউন ওয়েভারলিতে একটি বহু ব্যবহারের বাণিজ্যিক ভবনের নির্মাণ (317,000 মার্কিন ডলার)**
- একটি ক্যাফে, অফিস, খুচরো দোকান এবং ভাড়া দেওয়ার কনফারেন্স রুমের ব্যবস্থা করতে কায়ুটা অ্যাভিনিউতে একটি নতুন বহু-ব্যবহারের বাণিজ্যিক জায়গার নির্মাণ হবে।
- **ব্রড স্ট্রিটে উন্নত ফিটনেট সেন্টার (156,000 মার্কিন ডলার)**
- ব্রড স্ট্রিটে একটি প্রতিষ্ঠিত ফিটনেস সেন্টারের অভ্যন্তরীন সজ্জা বাড়ানো হবে যাতে জিমে আরও বাতাস চলাচলের ব্যবস্থা করা যায় এবং অন্যান্য উন্নয়নের মধ্য রয়েছে নতুন কাঁচের দরজা এবং জানলা এবং ওই জায়গায় বন্যার কারণে বরফ জমে যাওয়া আটকাতে নতুন অনসাইট নিকাশী।
- **স্থানীয় ব্যবসাগুলোকে সহায়তার জন্য একটি ক্ষুদ্র প্রকল্প তহবিল গড়ে তোলা (200,000 মার্কিন ডলার)**
- NY ফরওয়ার্ড বাউন্ডারিতে ছোট প্রকল্পগুলোর জন্য একটি অনুদানের তহবিল বাস্তবায়ন করা হবে যা বিল্ডিংয়ের সংস্কার, সম্মুখভাগ, অভ্যন্তরীন গঠন, স্থায়ী সরঞ্জাম, শামিয়ানা এবং সিগনেজ তৈরি করতে সহযোগিতা করবে।

<u>মোট 4.5 মিলিয়ন মার্কিন ডলারের 6টি মনট্যুর ফলস NY ফরওয়ার্ড প্রকল্পের মধ্যে অন্তর্ভুক্ত আছে:</u>

- **রাস্তার সৌন্দর্যায়ন বাড়িয়ে মেইন স্ট্রিটে হাঁটার পরিস্থিতি এবং স্বাচ্ছন্দ্য বৃদ্ধি (971,000 মার্কিন ডলার)**
- মেইন স্ট্রিট বরাবর উন্নত ক্রশওয়ার্ক, ADA-অনুযায়ী বাঁধানো কিনারা, উঁচু বাঁধানো কিনারা এবং প্রশস্ত সাইডওয়ারের ব্যবস্থা, রাস্তার ধারে গাছ, সবুজ পরিকাঠামো, বেঞ্চ, সিগনেজ,গণ শিল্প বাস্তবায়ন এবং প্রবেশদ্বারের মিনার দিয়ে হাঁটার পরিস্থিতি এবং স্বাচ্ছন্দ্য বাড়ানো হবে।
- **ডাউনটাউন মনট্যুর ফলসে খালি জায়গায় টাউনহোমগুলোর নির্মাণ (916,000 মার্কিন ডলার)**
- এন জেনেসি স্ট্রিটে একটি খালি জমিতে নতুন টাউনহোমগুলো নির্মাণ করা হবে। এই টাউনহোমগুলো ডাউনটাউন মনট্যুর ফলসের বুকে দীর্ঘ-স্থায়ী ভাড়ার জায়গা হয়ে উঠবে।
- **ক্যাথেরিন স্ট্রিটে একটি নতুন ডেন্টাল অফিস এবং অ্যাপার্টমেন্টগুলোর নির্মাণ (685,000 মার্কিন ডলার)**
- একটি খালি সম্পত্তিতে একটি নতুন ভবন নির্মাণ করা হবে যেখানে একটি প্রতিষ্ঠিত ডেন্টাল চর্চা, একটি বাণিজ্যিক ব্যবস্থার জন্য জায়গা এবং ক্যাথেরিন স্ট্রিটের নতুন দীর্ঘ-মেয়াদী অ্যাপার্টমেন্টগুলোর ব্যবস্থা থাকবে। ভবনটির মধ্যে ডেন্টাল চর্চা বাড়ানোর ঘরও থাকবে।

- **পুরনো ব্রিক টাভার্ন জাদুঘর সংরক্ষণ এবং অ্যাক্সেসযোগ্যতার উন্নয়ন অন্তর্ভুক্ত করা (792,000 মার্কিন ডলার)**
- অভ্যন্তরীন এবং বাহিক উন্নয়ন এবং একটি ভবন সম্প্রসারণ করার মাধ্যমে পুরনো ব্রিক টাভার্ন জাদুঘরকে সংরক্ষণ করা হবে যাতে এমন একটি জায়গা দেওয়া যায় যা জাদুঘরের সংগ্রহ সংরক্ষণ করার জন্য এক্তিয়াভুক্ত এবং যা সমস্ত পর্যটকদের জন্য অ্যাক্সেসযোগ্য হবে নিশ্চিত করবে।
- **স্থানীয় ব্যবসাগুলোকে সহায়তার জন্য একটি ক্ষুদ্র প্রকল্প তহবিল গড়ে তোলা (200,000 মার্কিন ডলার)**
- NY ফরওয়ার্ড বাউন্ডারিতে ছোট প্রকল্পগুলোর জন্য একটি অনুদানের তহবিল বাস্তবায়ন করা হবে যা বিল্ডিংয়ের সংস্কার, সম্মুখভাগ, অভ্যন্তরীন গঠন, স্থায়ী সরঞ্জাম, শামিয়ানা এবং সিগনেজ তৈরি করতে সহযোগিতা করবে।
- **এন ক্যাথেরিন স্ট্রিটে রাস্তার আলোয় উন্নতি (936,000 মার্কিন ডলার)**
- রাতে পথচারীদের জন্য আরও আরামদায়ক পরিবেশ তৈরি করতে পথচারীদের স্তরে ইনফিল আলোর ব্যবস্থা দিতে এন ক্যাথেরিন স্ট্রিটের উপস্থিত আলোকসজ্জা আপগ্রেড করা হবে।

ভারপ্রাপ্ত নিউ ইয়র্ক সেক্রেটরি অফ স্টেট ব্রেন্ডন সি হুগস বলেন, "হাঁটার পরিস্থিতি, বাড়তি আবাসন, উন্নত রাস্তার সৌন্দর্যায়ন এবং পুরনো ভবনকে প্রাণবন্ত মিশ্র ব্যবহারের প্রতিস্থানে রূপান্তরের মতো বিষয়ে নজর দিয়ে, এই 30টি প্রকল্প, যেকোনও ডাউনটাউন পুনরুৎজ্জীবিত করার ক্ষেত্রে একদম উপযুক্ত সমাহার। একসাথে আসার জন্য এবং ভবিষ্যতের জন্য একটি দূরদর্শী পরিকল্পনা গড়ে তোলার জন্য আমাদের সাউদার্ন টিয়ারের বিভিন্ন কমিউনিটিকে অভিনন্দন। স্টেট ডিপার্টমেন্ট আপনাদের সাথে কাজ করার জন্য অপেক্ষায় রয়েছে এবং এই দুটি কর্মসূচিতে গভর্নর ক্যাথি হোকলের চলমান সমর্থনের জন্য আমরা তাকে ধন্যবাদ জানাই।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, প্রধান নির্বাহী কর্মকর্তা, এবং কমিশনার হোপ নাইট বলেন, "এইসব গতিশীল, সম্প্রদায়ের নেতৃত্বাধীন ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরওয়ার্ডের বিনিয়োগগুলো অর্থনৈতিক ইঞ্জিনে আরও ইন্ধন প্রদান করবে যা স্থানীয় ব্যবসাগুলোকে সমর্থন ও অর্থনৈতিক বৃদ্ধির প্রতিপালনের জন্য প্রয়োজন। রূপান্তরকারী এবং অন্তর্ভুক্তিমূলক প্রকল্পগুলো গতিশীল স্থান ও জায়গা তৈরি করে জনসন সিটি, মনট্যুর ফলস এবং ওয়েভারলি সম্প্রদায়গুলোতে নতুন জীবন দেবে যা এখানকার বর্তমান ও ভবিষ্যৎ উভয় প্রজন্মকে লাভবান করবে।"

HCR কমিশনার রূথ অ্যান ভিসনাউকাস বলেন, "জনসন সিটি, মনট্যুর ফলস এবং ওয়েভারলিতে আজকের বিনিয়োগ নিউ ইয়র্ক জুড়ে সম্প্রদায়গুলোর ওপর একটি রূপান্তরমূলক প্রভাব রাখার ব্যাপারে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY Forward এর ইতিহাস অব্যাহত রাখবে। এই 30টি প্রকল্পে বিনিয়োগ করে, যা জনসন সিটিতে 140টি নতুন অ্যাপার্টমেন্ট তৈরি করছে, আমরা বাসস্থান সরবরাহ বাড়াবো, হাঁটার পরিস্থিতি উন্নত করব এবং এই তিনটি সম্প্রদায়ের প্রত্যেকটিতে সম্প্রদায়ের আকর্ষণ উন্নত করব। লক্ষ্য করা বিনিয়োগের প্রতি তার অব্যাহত প্রতিশ্রুতির জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ যা সারা নিউ ইয়র্কে সুযোগ তৈরি করে।"

সাউদার্ন টিয়ার আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের সহপ্রধান, **স্ক্যুইলার কাউন্টি ইকোনওমিক ডেভেলপমেন্ট পার্টনারশিপ (SCOPED)-এর নির্বাহী পরিচালক জুডি ম্যাককিনি বলেন,** "গভর্নর ডাউনটাউন পুনরুজ্জীবন এবং NY Forward উদ্যোগের বদান্যতায় জনসন সিটি, মনট্যুর ফলস এবং ওয়েভারলি আকর্ষণীয় ভবিষ্যতে তাদের ক্রমাগত সমর্থন করতে পেরে STREDC গর্বিত। এই লক্ষ্য করা, সম্প্রদায়চালিত প্রকল্পগুলো অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রচার করে এবং আরো প্রাণবন্ত ডাউনটাউন গড়ে তুলে, বাসিন্দা ও বেড়াতে আসা মানুষ সকলকে লাভবান করবে, যেখানে আগামী বহু প্রজন্ম ধরে মানুষ বসবাস, কাজ ও খেলাধুলা করতে চাইবে।"

অ্যাসেম্বলি সদস্য ডনা লুপারডো বলেন, "DRI এবং NY ফরওয়ার্ড উদ্যোগগুলো এমন সংস্থান হাতে তুলে দেয় যার অভাব আমাদের ডাউনটাউনগুলোতে প্রায়ই দেখা দেয়। সাউদার্ন টিয়ার, অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের একজন সদস্য হিসাবে, আমি জানি এই প্রথম অঞ্চলের চারপাশে এমন বিনিয়োগ ভালোর জন্য আসছে। আজ ভিলেজ অফ জনসন সিটির জন্য DRI এর যে পরিকল্পনা ঘোষণা হয়েছে তা দেখে আমি খুশি। এই দীর্ঘ প্রত্যাশিত কাজ পুনরুদ্ধার হওয়া ভিক্টরি ভবন থেকে শুরু করে বিংহামটন ইউনিভার্সিটির স্বাস্থ্য ও বিজ্ঞানের ক্যাম্পাস এবং UHS-এর নতুন উইলসন টাওয়ার পর্যন্ত সেইসব উন্নয়নকে পরিপূরণ করবে যা ইতিমধ্যে কাছাকাছি সম্পন্ন হয়েছে। জনসন সিটির ডাউনটাউন পুনর্কল্পনায় সহায়তার জন্য কোনও ভূমিকা পালন করেছেন এমন সকলকে আমি ধন্যবাদ জানাতে চাই।"

অ্যাসেম্বলি সদস্য ক্রিস্টোফার ফ্রেন্ড বলেন, "আমি NY ফরওয়ার্ড তহবিল পাওয়ার জন্য ওয়েভারলিকে আমার আন্তরিক অভিনন্দন জানাতে পেরে আমি সত্যিই আনন্দিত। এই উল্লেখযোগ্য কৃতিজ্ঞ আমাদের সম্প্রদায়ের সদস্য, স্থানীয় নেতৃবৃন্দ এবং সমর্থকদের কঠোর পরিশ্রম এবং নিবেদিত মানসিকতার প্রতিফলন। এই অর্থায়ন ব্যবয়াসিক প্রতিষ্ঠানগুলোর উন্নতির পথ সহজতর করে শুধু আমাদের স্থানীয় অর্থনীতিতে শক্তিশালীই করবে না, সেইসাথে চমৎকারভাবে আপগ্রেড করা পার্ক দিয়ে এবং পুরনো সৌন্দর্য বজায় রেখে সমস্ত বাসিন্দার জীবনের মান সমৃদ্ধ করবে। আমি আত্মবিশ্বাসী যে সম্প্রদায়ে এই উন্নয়নগুলোর প্রভাব ইতিবাচকভাবে থাকবে। এটি সম্ভব করতে কাজ করেছেন যারা তাদের সকলকে ধন্যবাদ। একত্রে, আমরা আরও শক্তিশালী, আরও প্রাণবন্ত সম্প্রদায় গড়ে তুলছি।"

ব্রুম কাউন্টি এক্সিকিউটিভ জ্যাসন গার্নার বলেছেন, "গত কয়েক বছরে ব্রুম কাউন্টি যে উন্নতি দেখেছে তার ঘটেছে জনসন সিটিতে, এবং তাদের ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের জন্য আজ ঘোষণা করা আকর্ষণীয় প্রকল্পগুলো জনসন সিটিক থাকার জন্য, কাজ করার জন্য এবং খেলাধুলোর জন্য আরও ভালো জায়গা করে তুলবে। ব্রুম কাউন্টির ঠিক কেন্দ্রবিন্দুকে এই প্রকল্প বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ অর্থয়ন সরবরাহ করায় গভর্নর হোকল, সিনেটর ওয়েব, এবং অ্যাসেম্বলি উইমেল লিপার্ডোকে ধন্যবাদ।"

জনসন সিটি গ্রামের মেয়র মার্টি মিনি বলেন, "এই অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং অত্যাবশ্যক কর্মসূচির অব্যাহত অর্থায়নের জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই। আমরা উৎসাহিত এবং এখন DRI প্রকল্পগুলোর অনুদান ঘোষণা হয়ে যাওয়ার ফলে আমাদের ডাউনটাউনের রূপান্তর দেখার জন্য উন্মুখ হয়ে আছি। জনসন সিটি একটি সময় ধরে বিকাশ

এবং নবায়ন দেখছে এবং এই প্রয়োজনীয় তহবিল এই বিকাশ এবং নবায়ন চলমান রাখার সুযোগ দেবে। আমরা জানি যে এমন অনেক রূপান্তরমূলক প্রকল্প শুধু ধারণা ও স্বপ্নের পর্যায়তেই ছিল যা এখন DRI এর বদান্যতায় বাস্তব হয়ে উঠবে।"

ভিলেজ অফ মনট্যুর ফলসের মেয়র জেমস রায়ন বলেন, "এই রূপান্তরমূলক প্রকল্পগুলো স্থানীয় প্রজেক্ট কমিটির দ্বারা অনুমোদিত এবং পরবর্তী প্রজন্মের জন্য তৈরি করতে, আমাদের স্টেটের অংশীদাররা আমাদের সম্প্রদায়ে তাদের অর্থনৈতিক বিনিয়োগ বাস্তবায়ন করে এখন প্রকল্পের পৃষ্ঠপোষকদের কাছে অগ্রসর হবেন।"

ভিলেজ অফ ওয়েভারলির মেয়র অ্যান্ড্রু আরোনস্টাম বলেন, "NYS এর থেকে 4.5 মিলিয়ন মার্কিন ডলারের আকারে আমরা যে সমর্থন পেয়েছি তার জন্য ওয়েভারলি অত্যন্ত উত্তেজিত এবং কৃতজ্ঞ। এই অর্থ সরকারি এবং বেসরকারি দু'ধরনের প্রকল্পেই ব্যবহার করা হবে যা ওয়েভারলির অবকাঠামো এবং ব্যবসার সুযোগ অত্যন্ত উন্নত করবে। এই নয়টি প্রকল্প স্টেট এবং স্থানীয় সরকারের মাঝে প্রকৃত সহযোগিতার প্রতিনিধিত্ব করে। নিউ ইয়র্কের ছোট টাউনের জন্য তার সহযোগিতা দেখানোর জন্য গভর্নর হোকলকে আমাদের আন্তরিক ধন্যবাদ।"

ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড সম্পর্কে
ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড হলো স্টেটের অর্থনৈতিক বিকাশ নীতিমালার ভিত্তিপ্রস্তর। স্টেটের দশটি অঞ্চলের প্রতিটিতে ডাউনটাউনগুলি যাতে কর্মকাণ্ডের কেন্দ্র হিসেবে এবং বিনিয়োগের অনুঘটক হিসেবে কাজ করতে পারে তার জন্য ডাউনটাউনের পুনরুজ্জীবনকে ত্বরান্বিত ও সম্প্রসারিত করতে 2016 সালে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ তৈরি করা হয়। আকার, চরিত্র, প্রয়োজন ও সমস্যা নির্বিশেষে সকল কমিউনিটি যাতে স্টেটের পুনরুজ্জীবন প্রয়াস দ্বারা লাভবান হতে পারে তার জন্য পুরো স্টেটের ক্ষুদ্রতর ও গ্রামীণ ডাউনটাউনসমূহকে পুনরুজ্জীবিত করতে 2022 সালে NY ফরোয়ার্ড তৈরি করা হয়। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট,—হোম এবং কমিউনিটি রিনিউয়াল এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের সহায়তা নিয়ে ডিপার্টমেন্ট অফ স্টেটের নেতৃত্বে DRI—এবং NY ফরোয়ার্ডএকটি অভূতপূর্ব এবং উদ্ভাবনী "পরিকল্পনা-তারপর-বাস্তবায়ন" কৌশলের প্রতিনিধিত্ব করে যা কৌশলী পরিকল্পনা ও অবিলম্বে বাস্তবায়নকে জোটবদ্ধ করে। উভয় কর্মসূচি প্রত্যেক অঞ্চলে প্রাণবন্ত ডাউনটাউনের অতি গুরুত্বপূর্ণ সম্ভার তৈরি করছে যা অর্থনৈতিক বিকাশকে অগ্রসর করছে, জীবনযাত্রার মানের প্রচার করছে, আর্থসামাজিক বিকাশের পালন করছে এবং স্টেটের সাহসী জলবায়ু লক্ষ্য অর্জন করছে।

DRI এর প্রথম সাতটি রাউন্ডে স্টেট 800 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার প্রতিশ্রুতি দিয়েছে, পুনর্গঠন, ব্যবসা, কর্মসংস্থান সৃষ্টি, বৃহত্তর অর্থনৈতিক এবং আবাসিক বৈচিত্র্য ও সুযোগের চুম্বক হয়ে উঠার সম্ভাবনা রয়েছে এমন পুনরুজ্জীবনের জন্য তৈরি 81টি ডাউনটাউনে বিনিয়োগ করেছে।NY ফরোয়ার্ডের প্রথম দুই রাউন্ডে, স্টেট 200 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করার প্রতিশ্রুতি দিয়েছে, 43টি ক্ষুদ্রতর ও গ্রামীণ ডাউনটাউনে বিনিয়োগ করেছে।

এই বছর ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড উভয়ের জন্য অতিরিক্ত 100 মিলিয়ন মার্কিন ডলার করে প্রদান করতে গভর্নরের প্রতিশ্রুতির ফলে স্টেট এখন কর্মসূচি

দুইটির শুরুর পর থেকে এর জন্য মোট 1.2 বিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করেছে, যা মোট 124টি সম্প্রদায়কে সেবাদান করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন